



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০১৪.৩৭.০০০২.২৩.১৬

অফিস আদেশ

বিষয়: পানি ভবনে সাইবার নিরাপত্তা জোরদারকরণ ও অননুমোদিত ওয়েবসাইট/অ্যাপ ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।

সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, পানি ভবনের কিছু কম্পিউটার ও নেটওয়ার্ক থেকে বেটিং গেম, অননুমোদিত ওয়েবসাইট, সন্দেহজনক ক্রিপটোকারেন্সি গেম/ইনভেস্টমেন্ট অ্যাপস ব্যবহারের প্রবণতা বৃদ্ধি পেয়েছে। এর ফলে অফিস নেটওয়ার্কে ম্যালওয়্যার সংক্রমণ (ভাইরাস, ট্রোজান, স্পাইওয়্যার), ব্রাউজার হাইজ্যাকিং, র‍্যানসমওয়্যার আক্রমণ, কী-লগার ইনস্টলেশন (পাসওয়ার্ড চুরি), ডেটা চুরি এবং নেটওয়ার্ক ব্যাকডোর সৃষ্টির ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে।

উল্লেখ্য, এ ধরনের সাইটসমূহে সাধারণত যথাযথ নিরাপত্তা ব্যবস্থা থাকে না এবং পপ-আপ বিজ্ঞাপন, ক্ষতিকর স্ক্রিপ্ট ও ভুয়া প্রলোভনের মাধ্যমে ব্যবহারকারীর অজান্তে ক্ষতিকর সফটওয়্যার ইনস্টল হয়ে যায়। এছাড়া ভুয়া ইমেইল/এসএমএস লিংক, OTP শেয়ারিং বা ফিশিংয়ের মাধ্যমে হ্যাকাররা সরাসরি অফিস নেটওয়ার্কে প্রবেশের সুযোগ পায়, যার ফলে অফিসিয়াল ডেটা চুরি, ইমেইল স্পুফিং, আর্থিক প্রতারণা বা ডেটা এনক্রিপ্ট করে মুক্তিপণ দাবি করার মতো গুরুতর ঘটনা ঘটতে পারে।

এমতাবস্থায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামোর নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সাইবার ঝুঁকি প্রতিরোধের লক্ষ্যে সকল কর্মকর্তা-কর্মচারীর অবগতির জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

নির্দেশনাবলী:

১। অফিস কম্পিউটার ও অফিস নেটওয়ার্ক ব্যবহার করে বেটিং, অবৈধ/ অননুমোদিত ওয়েবসাইট, ক্রিপটো গেম বা বিনিয়োগ সংক্রান্ত অ্যাপসহ যে কোনো আইনবহির্ভূত বা ঝুঁকিপূর্ণ অনলাইন প্ল্যাটফর্মে প্রবেশ করা থেকে কঠোরভাবে বিরত থাকার অনুরোধ;

২। ভুয়া বা সন্দেহজনক ইমেইল লিংক, এসএমএস লিংক অথবা অজানা উৎস হতে প্রাপ্ত কোনো অ্যাটাচমেন্টে ক্লিক করা যাবে না। কোনো অবস্থাতেই OTP, পাসওয়ার্ড, লগইন তথ্য বা অন্যান্য সংবেদনশীল তথ্য তৃতীয় পক্ষের নিকট শেয়ার না করার জন্য অনুরোধ;

৩। কেন্দ্রীয়ভাবে স্থাপিত নেটওয়ার্ক ডিভাইস (Switch, Router, Server, Camera) ব্যতীত অন্য কোনো অসংলগ্ন, অননুমোদিত বা ব্যক্তিগত নেটওয়ার্ক ডিভাইস অফিসে স্থাপন করা যাবে না। বিশেষ ক্ষেত্রে নেটওয়ার্ক ডিভাইস স্থাপনের প্রয়োজন হলে স্থাপনের পূর্বে কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তরকে অবহিত করতে হবে এবং স্থাপিত নেটওয়ার্ক ডিভাইসের কারণে সৃষ্ট কোনো সাইবার আক্রমণ বা নিরাপত্তা ঝুঁকির দায় সংশ্লিষ্ট দপ্তরকে বহন করতে হবে।

৪। বাপাউবোর সকল ব্যবহারকারীকে বাপাউবো-সংশ্লিষ্ট সকল প্ল্যাটফর্মে শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার এবং প্রযোজ্য নিরাপত্তা নীতিমালা কঠোরভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর ও সকল কর্মকর্তা-কর্মচারীকে যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ করা হলো।

Asultana

০৫-০৩-২০২৬

নাসরিন সুলতানা

সিনিয়র সিস্টেম এনালিস্ট

ফোন : ০২-২২২২৩০১১১

ইমেইল : ssa.ict@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০১৪.৩৭.০০০২.২৩.১৬/১ (৬)

২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ০৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (সকল)।
- ২। প্রধান প্রকৌশলী (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সম-পর্যায়ের কর্মকর্তা(সকল), বাপাউবো, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/সম-পর্যায়ের কর্মকর্তা (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।।
- ৫। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং
- ৬। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/সম-পর্যায়ের কর্মকর্তা (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।।



Nasrullah

০৫-০৩-২০২৬

নাসরিন সুলতানা

সিনিয়র সিস্টেম এনালিস্ট